



রাজশাহী বিশ্ববিদ্যালয়

অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ, কৃষি কলেজ/ইনস্টিটিউটসমূহের বিভিন্ন বিভাগে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে
১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি আবেদনের বিজ্ঞপ্তি

মেমো নং- ২৯১৮/১৭৫/কপ

তারিখ: ১৭.০৮.২০২২

১। (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনকারীকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://aca.ru.ac.bd> এ প্রকাশিত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদন করতে হবে।

(খ) আবেদনকারীকে সংশ্লিষ্ট ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষার তারিখ যথাসময়ে প্রকাশিত হবে।

২। ভর্তি আবেদনের যোগ্যতা:

- (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৯ ও তৎপরবর্তী বছরের এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (খ) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অধিভুক্ত কলেজসমূহের জন্য ২০১৫ ও তৎপরবর্তী বছরের এস.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীরা ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- (গ) পরীক্ষার্থীকে পদার্থ, রসায়ন, গণিত/জীববিদ্যা বিষয়সহ এইচ.এস.সি./সমমানের পরীক্ষায় কৃতকার্য হতে হবে।
- (ঘ) বিজ্ঞান বিভাগ হতে এস.এস.সি. ও এইচ.এস.সি. পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।
- (ঙ) ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং/কৃষি/ফিশারিজ/ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স/হেলথ/নার্সিং হতে পাশকৃত শিক্ষার্থীদের জন্য প্রাপ্ত জিপিএ ৪.০০ স্কেলকে ৫.০০ স্কেলে রূপান্তর করে যোগ্যতা নির্ধারণ করতে হবে। ডিপ্লোমা পরীক্ষায় জিপিএ ৪.০০ স্কেলে ২.৮ এর কম হলে আবেদন করতে পারবে না।
- (চ) ২০১৯, ২০২০ ও ২০২১ সালের এইচ.এস.সি./সমমান বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের অধীনে এইচ.এস.সি. (ভোকেশনাল) উত্তীর্ণ শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে। সনাতন পদ্ধতিতে ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

৪। ভর্তি পরীক্ষায় আবেদনের সময়সীমা ও ফী: ভর্তির আবেদন ফরম গ্রহণের তারিখ ২৫/০৮/২০২২ দুপুর ১২.০০ টা থেকে ১৫/০৯/২০২২ রাত ১২.০০ টা পর্যন্ত। ভর্তির জন্য আবেদন ফরমের মূল্য ৫০০/- এবং অনলাইন চার্জ ৫০/- টাকাসহ মোট ৫৫০/- টাকা মোবাইল ব্যাংকিং (রকেট) এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। ভর্তি পরীক্ষার স্থান: রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

৬। পরীক্ষার ধরণ: এমসিকিউ (MCQ), সময়: ১ (এক) ঘন্টা, প্রশ্ন সংখ্যা: ৮০টি, পূর্ণমান: ১০০, পাশ নম্বর: ৪০।

৭। পরীক্ষার মান বন্টন:

শাখা	বিষয়	প্রশ্ন সংখ্যা	নম্বর	মোট নম্বর
ক (আবশ্যিক)	পদার্থ	২৫	প্রতি প্রশ্নে ১.২৫	৩১.২৫
	রসায়ন	২৫		৩১.২৫
	আই সি টি	৫		৬.২৫
খ (ঐচ্ছিক) তবে যে কোন একটি অংশ উত্তর দিতে হবে	গণিত	২৫	প্রতি প্রশ্নে ১.২৫	৩১.২৫
	জীববিদ্যা	২৫		
	জীববিদ্যা+ গণিত	১৩+১২		
	মোট	৮০		১০০

৮। অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহ এবং আসন সংখ্যা:

ইঞ্জিনিয়ারিং কলেজ	কৃষি কলেজ/ইনস্টিটিউট
রংপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, রংপুর; টিএমএসএস ইঞ্জিনিয়ারিং কলেজ, বগুড়া; পাবনা ইঞ্জিনিয়ারিং কলেজ, পাবনা; ইমপেরিয়াল কলেজ অব ইঞ্জিনিয়ারিং, খুলনা; আশ্রয় ইঞ্জিনিয়ারিং কলেজ, রাজশাহী	ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব এগ্রাইড সায়েন্স এন্ড টেকনোলজি (আইআইএএসটি), রংপুর; হেনরী ইনস্টিটিউট অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, সিরাজগঞ্জ; আনোয়ারা কলেজ অব বায়োসায়েন্স, দিনাজপুর; বরেন্দ্র ইনস্টিটিউট অব বায়োসায়েন্স, নাটোর; ভাষাসৈনিক গাজীউল হক ইনস্টিটিউট অব বায়োসায়েন্স, বগুড়া; উদয়ন কলেজ অব বায়োসায়েন্স এন্ড টেকনোলজি, রাজশাহী; আশ্রয় কলেজ অব এগ্রিকালচারাল সায়েন্স, রাজশাহী; গাজুয়েট ইনস্টিটিউট অব এগ্রিকালচার এন্ড টেকনোলজি, কুষ্টিয়া
আসন সংখ্যা: মোট ৬২০ টি	আসন সংখ্যা: মোট ১০৮০ টি

শর্তাবলী:

- ১। যে সকল ভর্তিচ্ছু শিক্ষার্থী 'ক' সহ 'খ' শাখার জীববিদ্যা+গণিত বিষয়ে উত্তর দিবে তারা ইঞ্জিনিয়ারিং ও কৃষি কলেজ/ ইনস্টিটিউটসমূহের সব বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- ২। যে সকল শিক্ষার্থী 'ক' সহ 'খ' শাখার গণিত বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র ইঞ্জিনিয়ারিং কলেজে (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (৩) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (৪) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (৫) ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং (৬) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তির জন্য বিবেচিত হবে।
- ৩। যে সকল শিক্ষার্থী 'ক' সহ 'খ' শাখার জীববিদ্যা অংশ/বিষয়ে উত্তর দিবে তারা শুধুমাত্র কৃষি কলেজ/ইনস্টিটিউট-এর (১) এগ্রিকালচার (২) ফিশারিজ (৩) মাইক্রোবায়োলজি ও (৪) ফুড এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগের জন্য বিবেচিত হবে।
- ৪। ভর্তি পরীক্ষায় 'ক' (আবশ্যিক) শাখায় ন্যূনতম ২০ এবং 'খ' (ঐচ্ছিক) শাখায় ন্যূনতম ৮ নম্বরসহ পাশ নম্বর ৪০ হবে।
- ৫। প্রতিটি প্রশ্নের ন্যূনতম মান ১.২৫। তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২০ নম্বর কাটা যাবে।

এইচ.এস.সি. ২০২১ পরীক্ষায় বোর্ড কর্তৃক যে পাঠ্যসূচী অনুসরণ করা হয়েছে তার আলোকে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রাজশাহী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহে ১ম বর্ষ স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার তারিখ ও প্রয়োজনীয় তথ্যাবলী রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <https://aca.ru.ac.bd> এ পাওয়া যাবে।

স্বাঃ/-

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়